

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২১.৪৫

তারিখ: ১৫ মাঘ ১৪২৯

২৯ জানুয়ারি ২০২৩

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত রিট পিটিশন (নং ৯২২১/২০২২, ১১০৩৪/২০২২, ১৫২৫৫/২০২২, ১৫২৮৯/২০২২ এবং ১৩৮৪৭/২০২২) মামলাসমূহ পরিচালনা সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ/শিক্ষক-কর্মচারীগণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকের বরখাস্ত আদেশ বাতিল/বকেয়া বেতন-ভাতা ও উৎসব ভাতা প্রাপ্তি/অধ্যক্ষের চাকরির মেয়াদ বর্ধিত না হওয়ার পরও অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনের সময়ের মধ্যে প্রদেয় সকল প্রকার নিয়োগ বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১.	৯২২১/২০২২	চাঁদপুর জেলার সদর উপজেলাধীন "ফরক্লাবাদ ডিগ্রি কলেজ" এর হিসাববিজ্ঞান বিভাগের প্রভাষক জনাব শাহাদাত হোসেন-এর বরখাস্ত আদেশ বাতিল সংক্রান্ত।	জনাব মোঃ শাহাদাত হোসেন, প্রভাষক (হিসাববিজ্ঞান), ফরক্লাবাদ ডিগ্রি কলেজ, সদর, চাঁদপুর	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ মোট ১১ (এগারো) জন।	রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়
২.	১১০৩৪/২০২২	জনাব মোঃ রুহুল আমিন, সভাপতি, কাফুরিয়া ডিগ্রি কলেজ, সদর, নাটোর-এর গভর্নিংবডি'র সভাপতি মনোনয়ন সংক্রান্ত।	জনাব মোঃ রুহুল আমিন, সভাপতি, কাফুরিয়া ডিগ্রি কলেজ, সদর, নাটোর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ মোট ০৬ (ছয়) জন।	রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩.	১৫২৫৫/২০২২	জনাব মোঃ আজম হোসেন চৌধুরী, প্রভাষক [(ইংরেজি) বর্তমানে বরখাস্তকৃত] ভুলুয়া ডিগ্রি কলেজ, সদর, নোয়াখালী-কে সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত।	জনাব মোঃ আজম হোসেন চৌধুরী, প্রভাষক [(ইংরেজি) বর্তমানে বরখাস্তকৃত] ভুলুয়া ডিগ্রি কলেজ, সদর, নোয়াখালী।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ মোট ০৬ (ছয়) জন।	রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়

৪.	১৫২৮৯/২০২২	জনাব মোঃ রুহুল আমিন, ডেপুটি রেজিস্ট্রার (অবসরপ্রাপ্ত), জাতীয় বিশ্ববিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন-ভাতা ও উৎসব ভাতা প্রাপ্তির আবেদন সংক্রান্ত।	জনাব মোঃ রুহুল আমিন, ডেপুটি রেজিস্ট্রার (অবসরপ্রাপ্ত), জাতীয় বিশ্ববিদ্যালয়।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ মোট ০৭ (সাত) জন।	রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫.	১৩৮৪৭/২০২২	জনাব মোঃ নূরুল আমিন, পাঁচপীর কলেজ, উলিপুর, কুড়িগ্রাম-এর চাকরির মেয়াদ বর্ধিত না হওয়ার পরও অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনের সময়ের মধ্যে প্রদেয় সকল প্রকার নিয়োগ বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।	জনাব চপল চন্দ্র, উলিপুর, কুড়িগ্রাম গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ মোট ১১ (এগারো) জন।	রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়

২.০ এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত রিট পিটিশন (নং ৯২২১/২০২২, ১১০৩৪/২০২২, ১৫২৫৫/২০২২, ১৫২৮৯/২০২২ এবং ১৩৮৪৭/২০২২) মামলাসমূহ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটা বেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২৯-১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ঢাকা।

ইমেইল: law.section1@shed.gov.bd


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২১.৪৫/১(৩)

তারিখ: ১৫ মাঘ ১৪২৯

২৯ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



২৯-১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব